

দেশিক
ইন্কিলাব
THE DAILY INQILAB

করোনায় ব্যতিক্রমী কুমিল্লা কমিশনারেট

সাদিক মামুন, কুমিল্লা থেকে : | প্রকাশের সময় : ১ নভেম্বর, ২০২০, ১২:০১ এএম



কুমিল্লা কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেটের কমিশনার মোহাম্মদ বেলাল হোসাইন চৌধুরী বলেছেন, করোনাকালে কুমিল্লা টিম কখনো পশ্চাদমুখী বা কর্মবিচ্ছুত থাকেনি। করোনাকালেও প্রবৃদ্ধি অর্জনে ব্যতিক্রমী ভ.মিকা রেখেছে কুমিল্লা কমিশনারেট। দলবদ্ধ প্রচেষ্টা প্রতিযোগিতা এ অভ.তপূর্ব সাফল্যের মূল নিয়ামক হিসেবে কাজ করছে। সক্ষম কর্মকর্তাদের বাছাই করে জটিলতর কাজে নিয়োগ, মনিটরিং উদ্ব�ৃদ্ধি করণ এক্ষেত্রে গতি বৃদ্ধিতে সহায়ক হয়েছে।

সর্বোপরি কর্মস্থলে দেশস্থাবোধ ও সেবার মনোভাব থাকা জরুরি। সারা বাংলাদেশের কর্মকর্তাদের এরকম কাজের ধারা অব্যাহত থাকা উচিত। রাজস্ব আদায়ে গত বছরের চেয়ে সেপ্টেম্বর মাসে ১৫৩ ভাগ এবং জুলাই-সেপ্টেম্বর প্রান্তিকে ৭৩ ভাগ প্রবৃদ্ধি অর্জনের ক্ষেত্রে তথা ব্যতিক্রমী অগ্রগতির পেছনের পরিশ্রমী কর্মীদের অবদানের স্বীকৃতিস্বরূপ সম্মাননা প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি।

কমিশনার মোহাম্মদ বেলাল হোসাইন চৌধুরী আরও বলেন, করোনাকালে বৈশ্বিক অর্থনীতি যখন নাজুক অবস্থায় এবং জাতীয় রাজস্ব বোর্ডের সামগ্রিক প্রবৃদ্ধি অর্জন যখন চ্যালেঞ্জের পথে- তেমন মুহূর্তেই

ব্যতিক্রমী প্রবৃন্দি অর্জন করছে কুমিল্লা কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট। দেশের রাজস্বখাতের অন্যতম এ প্রতিষ্ঠানটি প্রবৃন্দি অর্জনে অভূতপূর্ব অবদান রেখে চলেছে।
সম্প্রতি এক অনুষ্ঠান আয়োজনের মাধ্যমে বিভিন্ন ক্যাটাগরিতে ৫৫ জন কর্মকর্তাকে শ্রেষ্ঠত্বের স্বীকৃতি ও পুরস্কার দেয়া হয়। এরমধ্যে ২৩ কর্মকর্তা ও কর্মচারীকে কর্মক্ষেত্রে বিশেষ অবদানের জন্য সার্টিফিকেট ও ক্রেস্ট প্রদান করা হয়।

ক্যাটাগরির মধ্যে রয়েছে রিটার্ন ঘাচাই, নিবারক কার্যক্রম, বকেয়া আদায়, রাজস্ব আদায় বৃদ্ধি, নিরীক্ষা ও তদন্ত, রাজস্বের নতুন ক্ষেত্র বৃদ্ধিকরণ, নিবন্ধন ও মূসক জরিপ, সিগারেট ও বিড়ির নকল ব্যান্ডরোল সন্তুষ্টকরণ।

অনুষ্ঠানে সেরা বিভাগীয় কর্মকর্তার স্বীকৃতি অর্জন করেন নোয়াখালী বিভাগের বিভাগীয় কর্মকর্তা মো. ফখর উদ্দিন। সেরা রাজস্ব কর্মকর্তা হন বেলাল উদ্দিন ফাইজুল। সেরা সহকারী রাজস্ব কর্মকর্তা হন নন্দিতা ভৌমিক। অনুষ্ঠানে যুগ্ম কমিশনার মো. মুশফিকুর রহমান কুমিল্লা কমিশনারেটের সহকারী কমিশনার (সদর) ছালাউদ্দিন রিপন বক্তব্য রাখেন।